গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক: সবিম/শাঃ৭/বাশিএ-১১/২০০৯ (অংশ-২)/৩২১

০২ আশ্বিন ১৪২৫
তারিখ : ------------------
১৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে কর্মরত প্রতিভাবান শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।

সূত্র : বাংলাদেশ শিল্পকলা একাডেমির ১২ আগস্ট ২০১৮ তারিখের উপানুষ্ঠানিক পত্র নম্বর ৭৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা কর্তৃক এ মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থায় কর্মরত শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে এ মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মচারীদের মধ্যে প্রতিভাবান শিল্পীদের নামের তালিকা জরুরিভিত্তিতে বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণের অনুরোধ জানিয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, এ মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে প্রতিভাবান শিল্পী থাকলে তাদের নামের তালিকা (পূর্ণাঙ্গ ঠিকানাসহ) বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭.৯.১৮
জি এম রফিকুল ইসলাম
উপসিচব (অধি:৭)
ফোন : ৯৫৫৩১৮৭।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রামনুসারে নয়):**

১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৫। যুগ্মসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (এ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যদি কোন শিল্পী থাকেন, পূর্ণাঙ্গ ঠিকানাসহ তাদের তালিকা বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। পরিচালক, আকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।
৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১১। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।
১৩। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৪। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান।
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠির সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি।
১৬। উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠিরি সাংস্কৃতি ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
১৭। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠিরি কালচারাল একাডেমি, রাজশাহী।
১৮। উপপরিচালক, মণিপুরি ললিতকলা একাডেমি, মৌলভী বাজার।

রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত

প্রেরকঃ-
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ভবন ... ১১ তলা
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।



সৃজনশীল বাংলাদেশ

# বাংলাদেশ শিল্পকলা একাডেমি
# Bangladesh Shilpakala Academy

বাশিএ/ডিজি/বিবিধ-০৯/২০১৮/৭৯ তারিখ: ১২ আগস্ট ২০১৮

বিষয়ঃ **বিভিন্ন মন্ত্রণালয়ে ও প্রতিষ্ঠানে কর্মরত প্রতিভাবান শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।**

প্রিয় মহোদয়

বাংলাদেশ শিল্পকলা একাডেমির পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি। বাঙালি জাতির রয়েছে হাজার বছরের ঐতিহ্যবাহী শিল্প- সাহিত্য সংস্কৃতি। ভাষার জন্য আত্মদানের মহিমায় আমরা বিশ্বব্যাপী সমাদৃত। আমাদের সংস্কৃতির মধ্যেও এমন অনন্য বৈচিত্রসম্পন্ন অনেক অনুষঙ্গ রয়েছে যা আমাদের বিশ্বসভায় উন্নত ও স্বতন্ত্র আসন করে দিতে পারে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশ শিল্পকলা একাডেমি আমাদের কৃষ্টি ও সুকুমারবৃত্তির চর্চা, প্রচার ও প্রসারের লক্ষ্যে অবিরাম কাজ করে যাচ্ছে। বর্তমানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির পরিসর জেলার সীমা ছাড়িয়ে দেশের সকল উপজেলা পর্যন্ত বিস্তৃত। নিজস্ব সংস্কৃতি চর্চার প্রসার ঘটিয়ে 'শিল্প-সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ' গঠন করাই বাংলাদেশ শিল্পকলা একাডেমির অভিলক্ষ্য।

দেশের প্রত্যন্ত অঞ্চলের শিল্পী ও শিল্পের কল্যাণে বাংলাদেশ শিল্পকলা একাডেমি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। প্রায় প্রতিটি মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থার মধ্যেই কণ্ঠশিল্পী, যন্ত্রশিল্পী, নৃত্যশিল্পী এবং আবৃত্তিশিল্পীসহ পরিবেশনা-শিল্পের অনেক প্রতিভাবান শিল্পী রয়েছে। আমরা বিভিন্ন মন্ত্রণালয়ে ও প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তাদের অংশগ্রহণে নিয়মিত সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে চাই। আমরা চাই তাঁদের শিল্প-প্রতিভা অটুট থাকুক এবং উজ্জ্বল হোক। এছাড়া আমরা জানি যে, বিনোদনহীন অতিরিক্ত কর্মভার মানুষের সৃজনশীলতাকে ব্যাহত করে। বিভিন্ন মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানে কর্মরত প্রতিভাবান শিল্পীদের শিল্পচর্চা যাতে অব্যাহত থাকে সেই লক্ষ্যেই শিল্পকলা একাডেমির এই উদ্যোগ। এজন্য আপনার মন্ত্রণালয়/ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের মধ্যে যারা বিভিন্ন পরিবেশনা শিল্পচর্চার সাথে যুক্ত রয়েছে তাদের নাম, ঠিকানা, ফোন নম্বর এবং ই-মেইলসহ একটি তালিকা প্রয়োজন। আপনার আন্তরিক সহযোগিতাই আমাদের এই উদ্যোগ বাস্তবায়নের প্রধান নিয়ামক।

এমতাবস্থায় আপনার মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানে কর্মরত শিল্পীদের একটি তালিকা ৩১ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

আপনার সুস্থ-সুন্দর দীর্ঘ-কর্মময় জীবন কামনা করছি।

লিয়াকত আলী লাকী
মহাপরিচালক
ফোন: ০২৯৫৬২৮৩৬, ফ্যাক্স: ০২৯৫৬২৮৫৩

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

14/3, Segunbagicha Ramna
Dhaka-1000, Bangladesh
Telephone +88 02 9562836
Fax +88 02 9562853
Web : www.shilpakalaacademy.gov.bd
E-mail : Lali.lucky@gmail.com